



কৃষি তথ্য সার্ভিস
খামারবাড়ি, ঢাকা-১২১৫





‘ক্ষেত-খামারে আমার প্রোডাকশন বাড়াতে হবে।
তা না হলে দেশ বাঁচতে পারে না।’

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



ভূমিকা

কৃষি তথ্য সার্ভিস গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান। ১৯৬১ সনে আত্মপ্রকাশের পর থেকে নিরলসভাবে গণমাধ্যমের সাহায্যে কৃষি তথ্য ও প্রযুক্তি তৃণমূল পর্যন্ত দ্রুত বিস্তার কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। ১৯৮৫ সালে কৃষি তথ্য সার্ভিস বিভক্ত হয়ে এক তৃতীয়াংশ জনবল মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে চলে যায়। ২০০৮ সালের আগে সিলেট, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, পাবনা, ময়মনসিংহ ছয়টি আঞ্চলিক অফিস এবং ঠাকুরগাঁও ও কক্সবাজার লিয়াজোঁ অফিস ছিল। বর্তমানে বরিশাল, রংপুর, ঢাকা কুমিল্লা ও রাঙ্গামাটিতে পাঁচটি আঞ্চলিক অফিসসহ ১১টি আঞ্চলিক অফিস ও ০২টি লিয়াজোঁ অফিস প্রতিষ্ঠার মাধ্যমে কৃষি তথ্য সার্ভিসের মিডিয়াভিত্তিক কার্যক্রম সুচারুভাবে চলছে।

ভিশন (Vision)

আধুনিক কৃষি তথ্য সেবা সহজলভ্যকরণ।

মিশন (Mission)


প্রিন্ট, ইলেকট্রনিক ও গণমাধ্যমের সহায়তায় কৃষি বিষয়ক তথ্য ও প্রযুক্তি সংশ্লিষ্ট উপকারভোগীদের কাছে সহজলভ্য করে জনসচেতনতা সৃষ্টি।

উদ্দেশ্যসমূহ

- আধুনিক গণমাধ্যমের (প্রিন্ট ও ইলেকট্রনিক) সহায়তায় কৃষি বিষয়ক তথ্য ও প্রযুক্তি তৃণমূল পর্যায়ে কৃষক, সম্প্রসারণকর্মীসহ সংশ্লিষ্টদের কাছে সহজলভ্য করা;
- আইসিটি প্রযুক্তি ব্যবহার করে দ্রুত ও সহজে উপকারভোগীর কাছে পৌঁছে দেয়া;
- জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে কৃষি বিষয়ক উন্নয়নমূলক/উদ্ধৃদ্ধকরণমূলক প্রচার প্রচারণা করা ও
- কৃষক, সম্প্রসারণকর্মী, কৃষি মিডিয়াকর্মীসহ সংশ্লিষ্টদের দক্ষতা বৃদ্ধি করা।

কার্যাবলি

- কৃষি বিশেষজ্ঞদের নিকট থেকে কৃষিবিষয়ক আধুনিক তথ্য ও প্রযুক্তিভিত্তিক লেখা সংগ্রহ করে মাসিক ম্যাগাজিন ‘কৃষিকথা’য় প্রকাশ ও বিতরণ;
- মার্চ পর্যায় থেকে সংগৃহীত কৃষিবিষয়ক সংবাদ সংগ্রহ করে মাসিক বুলেটিন ‘সম্প্রসারণ বার্তা’য় প্রকাশ ও বিতরণ;
- আধুনিক কৃষি প্রযুক্তি নির্ভর বিভিন্ন লিফলেট, ফোল্ডার, বুকলেট ইত্যাদি প্রকাশ ও বিতরণ;
- কৃষিবিষয়ক ভিডিও, ফিল্ম-ফিলার, টকশো, ডকুমেন্টারি তৈরি ও সম্প্রচার;
- প্রত্যন্ত অঞ্চলে গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে সিনেমা শো আয়োজনের মাধ্যমে কৃষিবিষয়ক ভিডিও চলচ্চিত্র প্রদর্শন;
- ওয়েবসাইটের মাধ্যমে কৃষি তথ্য সেবা বিতরণ ও ই-সেবা প্রদান;
- কল সেন্টারের মাধ্যমে (১৬১২৩) তাৎক্ষণিকভাবে কৃষকদের কৃষি বিষয়ক বিভিন্ন সমস্যার সমাধান প্রদান;
- কৃষিবিষয়ক নতুন নতুন তথ্য ও প্রযুক্তির ওপর মাল্টিমিডিয়া ই-বুক নির্মাণ ও বিতরণ;
- কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) এর মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর কাছে ই-তথ্য সেবা পৌঁছে দেয়া;
- প্রশিক্ষণ, সভা, সেমিনার, মেলা ইত্যাদি আয়োজনের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি ও সচেতনতা বৃদ্ধি;
- বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার ও কমিউনিটি রেডিওতে কৃষিবিষয়ক অনুষ্ঠান নির্মাণে সার্বিক সহযোগিতা প্রদানসহ সরকার গৃহীত কৃষিভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে জনসাধারণকে গণমাধ্যমের সহায়তায় অবহিতকরণ।



জনবল

ক্রমিক নং	গ্রেড নং	জনবল			মন্তব্য
		অনুমোদিত	কর্মরত	শূন্য	
০১	গ্রেড-১	-	-	-	
০২	গ্রেড-২	-	-	-	
০৩	গ্রেড-৩	০১	০১	০	
০৪	গ্রেড-৪	২	২	০	
০৫	গ্রেড-৫	-	-	-	
০৬	গ্রেড-৬	৩	৩	০	
০৭	গ্রেড-৭	০৭	০৭	০	
০৮	গ্রেড-৮	-	-	-	
০৯	গ্রেড-৯	১০	১০	০	
১০	গ্রেড-১০	০৭	০৭	০	
১১	গ্রেড-১১	৩৬	৩৬	০	
১২	গ্রেড-১২	১৭	১৩	০৪	
১৩	গ্রেড-১৩	২	২	০	
১৪	গ্রেড-১৪	২৭	২৬	০১	
১৫	গ্রেড-১৫	০১	০১	০৮	
১৬	গ্রেড-১৬	৬৯	৬১	-	
১৭	গ্রেড-১৭	-	-	০	
১৮	গ্রেড-১৮	২	১	০১	
১৯	গ্রেড-১৯	১০	১০	০	
২০	গ্রেড-২০	৪৯	৩৭	১২	
মোট =		২৪৩	২১৭	২৬	

নিয়োগ/পদোন্নতি

প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
০	০	০	০	০	০	

মানবসম্পদ উন্নয়ন (প্রশিক্ষণ)

ক্রমিক নং	গ্রেড নং	প্রশিক্ষণ					মন্তব্য
		অভ্যন্তরীণ	বৈদেশিক	ইনহাউজ	অন্যান্য	মোট	
১	১-৯	১৩	-	১৫	-	২৮	
২	১০	৮	-	৭	-	১৫	
৩	১১-২০	০	-	৫৪০	-	৫৪০	
		২১	-	৫৬২	-	৫৮৩	



গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি

১. প্রিন্ট মিডিয়ায় অর্জন

- ২০২১-২২ অর্থবছরে ঐতিহ্যবাহী মাসিক 'কৃষিকথা' পত্রিকার ৭.০৬ লক্ষ কপি মুদ্রণ ও বিতরণ করা হয়েছে। একই সময়ে মাসিক সম্প্রসারণ বার্তার ১৮ হাজার কপি প্রকাশ ও বিতরণ করা হয়েছে।
- কৃষি প্রযুক্তিভিত্তিক বিভিন্ন লিফলেট, পোস্টার, বুকলেট ইত্যাদির প্রায় ৫.৭২ লক্ষ কপি মুদ্রণ ও বিতরণ করা হয়েছে।

২. ইলেকট্রনিক মিডিয়ায় অর্জন

- ২০২১-২২ অর্থবছরে কৃষি প্রযুক্তিনির্ভর ১৯ টি ভিডিও ফিল্ম/ফিলার/ডকুমেন্টারি নির্মাণ ও সম্প্রচার করা হয়েছে।
- এ সময়ে ৬৭০টি ভ্রাম্যমাণ চলচ্চিত্র প্রদর্শনীর মাধ্যমে তৃণমূল পর্যায়ে আধুনিক কৃষি তথ্য প্রযুক্তি সম্প্রচারের কাজ করা হয়েছে।
- বাংলাদেশ টেলিভিশনে 'মাটি ও মানুষ' অনুষ্ঠানের ৩৬০টি পর্ব এবং 'বাংলার কৃষি' অনুষ্ঠানের প্রায় ৩৬২টি পর্ব সম্প্রচারের যাবতীয় কারিগরী সহায়তা প্রদান করা হয়েছে।

৩. আইসিটিতে অর্জন


- কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) : গ্রামীণ পর্যায়ে কৃষি তথ্য বিস্তারের লক্ষ্যে দেশব্যাপী ৪৯৯টি কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) স্থাপন করা হয়েছে। কৃষক পরিচালিত এসব কেন্দ্রে কম্পিউটার, ল্যাপটপ, মডেম, মাল্টিমিডিয়া ইত্যাদি সামগ্রী প্রদান করা হয়েছে ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সারাদেশে স্থাপিত ৪৯৯টি কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র থেকে প্রতিদিন গড়ে প্রায় ১৫-২০ জন কৃষি বিষয়ক তথ্য সেবা পাচ্ছেন। ২০২১-২২ অর্থবছরে প্রায় ২৮ লাখ কৃষক-কৃষাণী এসব কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র থেকে তথ্য ও সেবা পেয়েছেন।
- কৃষি কল সেন্টার : কৃষি তথ্য সার্ভিসের সদর দপ্তরে স্থাপিত কৃষি কল সেন্টার (১৬১২৩) থেকে প্রতি মিনিটে ২৫ পয়সা ব্যয়ে কৃষি/মৎস্য/প্রাণিসম্পদ বিষয়ক বিশেষজ্ঞদের মাধ্যমে কৃষকের উল্লেখিত বিষয়ে সমস্যার তাৎক্ষণিক সমাধান দেয়া হচ্ছে। প্রতিদিন প্রায় ২০০-২২০টি কলের সমাধান এখান থেকে প্রদান করা হচ্ছে। ২০২১-২২ অর্থবছরে প্রায় ৪০৪৩৮ জন কে কৃষি তথ্য সেবা প্রদান করা হয়েছে।
- কমিউনিটি রেডিও : বরগুনা জেলার আমতলীতে একটি কমিউনিটি রুরাল রেডিও স্থাপন করা হয়েছে, বর্তমানে প্রতিদিন ৮ ঘণ্টা করে সম্প্রচার করা হচ্ছে। এ রেডিওর ৫০টি শ্রোতা ক্লাব রয়েছে এবং প্রায় ২ লক্ষ মানুষ অনুষ্ঠানগুলোর নিয়মিত শ্রোতা।

৪. বিবিধ

- জাতীয় ও আন্তর্জাতিক কৃষিভিত্তিক বিভিন্ন দিবস উপলক্ষে সেমিনার, মেলা (ফল মেলা, সবজি মেলা, বিশ্ব খাদ্য দিবস) র্যালি ইত্যাদির আয়োজন করা হয়েছে।

উন্নয়ন প্রকল্প

প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা	প্রতিবেদনাধীন এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে শতকরা হার	প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা
০১	১১.৪	১০.৮২ (৯৮%)	১২



উল্লেখযোগ্য সাফল্য

রোববার (১৯ জুন) ফার্মগেটের কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি) কনভেনশন হলে কৃষি তথ্য সার্ভিসের আয়োজনে 'বৈশ্বিক পরিস্থিতিতে খাদ্য নিরাপত্তায় কৃষি ও গণমাধ্যম' বিষয়ক সেমিনারে অনুষ্ঠিত হয়। সেমিনারে উপস্থিত ছিলেন কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক, সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ। সেমিনারে মূলপ্রবন্ধ উপস্থাপন করেন এমিরিটাস অধ্যাপক ও বাকুবির সাবেক উপাচার্য এম. এ. সান্তার মন্ডল। কৃষি সচিব মো. সায়েদুল ইসলামের সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধের উপর আলোচনা করেন চ্যানেল আইয়ের পরিচালক ও বার্তা প্রধান শাইখ সিরাজ, ঢাকা ট্রিবিউনের নির্বাহী সম্পাদক রিয়াজ আহমেদ, দৈনিক জনকণ্ঠের চিফ রিপোর্টার কাওসার রহমান, প্রথম আলোর বিশেষ প্রতিনিধি গোলাম ইফতেখার মাহমুদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কৃষি তথ্য সার্ভিসের পরিচালক ড. সুরজিত সাহা রায়।

উপসংহার

কৃষি তথ্য সার্ভিস উন্নয়ন অগ্রযাত্রার গৌরবোজ্জ্বল অংশীদার। সাফল্যের স্বীকৃতি হিসেবে কৃষি তথ্য সার্ভিস এরই মধ্যে অর্জন করেছে বঙ্গবন্ধু কৃষি স্বর্ণপদক, জাতীয় ডিজিটাল উদ্ভাবনী পদক এসব। সত্যিকারভাবে কৃষির উন্নয়নে কৃষি তথ্য সার্ভিস জন্মলগ্ন থেকে নিরলসভাবে গণমাধ্যমের প্রায় সবগুলো মাধ্যমের সাহায্যে কৃষি তথ্য প্রযুক্তি গ্রামীণ তৃণমূল পর্যায় পর্যন্ত দ্রুত বিস্তার কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। কৃষি তথ্য সার্ভিস নতুন পদ্ধতি ব্যবহার করে কৃষি প্রযুক্তি বিস্তারে বিশেষ ভূমিকা রেখে চলেছে। বহুবিধ সীমাবদ্ধতা ও প্রতিকূলতার মধ্য দিয়েও কৃষির উন্নয়নের জন্য কৃষি তথ্য সার্ভিস নিরলস কাজ করেছে। কৃষির জয়যাত্রা অব্যাহত থাকুক, কৃষিতে সাফল্যের মাধ্যমেই বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠিত হোক এ প্রত্যাশাই সবার। কৃষি সমৃদ্ধিতে আমরা সবাই গর্বিত অংশীদার।



কৃষি তথ্য সার্ভিসের কার্যক্রম



কৃষি তথ্য সার্ভিসের পক্ষ থেকে কুমিল্লা অঞ্চলে সর্বোচ্চ কৃষিকথার গ্রাহক সংগ্রহ করায়
বিজয়ীর হাতে সম্মাননা স্মারক ও ফ্রেস্ট তুলে দেন পরিচালক, কৃষি তথ্য সার্ভিস



সুশাসন সংহতকরণ, ই গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ক ২ দিনের প্রশিক্ষণে বক্তব্য রাখছেন
ড. হুমায়রা সুলতানা, যুগ্মসচিব (বাজেট ও মনিটরিং)



কৃষি তথ্য সার্ভিসের কার্যক্রম



নরসিংদী জেলার বেলাব উপজেলার রহিমেরকান্দী কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্রে ১৪ মার্চ ২০২২ আইসিটি উপকরণ বিতরণ করছেন কৃষি তথ্য সার্ভিসের সম্মানিত পরিচালক কৃষিবিদ মো: শাহজাহান আলী বিশ্বাস।



কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্পের অর্থায়নে নির্মিত বরগুনার আমতলীতে কৃষি রেডিও ভবন



কৃষি তথ্য সার্ভিসের কার্যক্রম



বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত বাংলার কৃষি অনুষ্ঠানের তথ্যচিত্র ধারণ



মাঠ পর্যায়ে কৃষি বিষয়ক সিনেমা প্রদর্শন

